

৩৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী ৩৩ হাজার মানুষের মাঝে ইফতার বিতরণ

প্রতি রমজানে অবহেলিত মানুষের মুখে হাসি ফোটাতে ইফতার বিতরণ করে আসছে শক্তি ফাউন্ডেশন। এ বছর শক্তি ফাউন্ডেশনের ৩৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে উদ্যোগটির পরিধি আরও বিস্তৃত করে ৩৩ হাজার মানুষের মাঝে ইফতার পৌঁছে দিতে প্রথম রমজান থেকেই মাসব্যাপী ইফতার বিতরণ কর্মসূচি আয়োজন করা হয়। এই কর্মসূচির আওতায় সংস্থার প্রধান কার্যালয়সহ মিরপুর বাউনিয়াবাধঁ, ভাষানটেক, টঙ্গী, চেরাগ আলী, স্টেশন রোড, গাজীপুর, যাত্রাবাড়ী, গেন্ডারিয়া, কামরাঙ্গীরচর, কেরানীগঞ্জ, জিজিরা, কদমতলী, নারায়ণগঞ্জ, লালবাগ, শ্যামপুর, শনিরআখড়া, মেরাজনগর, গেন্ডারিয়া, ধোলাইপাড়, সাতার, আশুলিয়া, জিরানিবাজার, চারাবাগ, ধামরাই, পল্লী বিদ্যুৎ, বগুড়া, শেরপুর, সান্তাহার, নওগাঁ, গোবিন্দগঞ্জ, পলাশবাড়ী, দুপচাঁচিয়াসহ বিভিন্ন এলাকায় ইফতার বিতরণ করা হয়।



"নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে সুরক্ষা এবং নিরাপত্তা" শীর্ষক ওরিয়েন্টেশন



শক্তি ফাউন্ডেশন এবং বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) যৌথভাবে নারী অধিকার, লিঙ্গভিত্তিক সহিংসতা, যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যের যত্ন নিয়ে কাজ করছে। এরই অংশ হিসেবে, বিশ্ব নারী দিবস উদযাপন উপলক্ষে ১৭ মার্চ শক্তি ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে "নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে সুরক্ষা এবং নিরাপত্তা" শীর্ষক দিনব্যাপী ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ব্লাস্ট কর্তৃক পরিচালিত এই ওরিয়েন্টেশনে প্রধান কার্যালয়ের বিভিন্ন স্তরের ৩৭ জন নারী কর্মী অংশগ্রহণ করেন। এই ধরনের আয়োজন অংশগ্রহণকারীদের আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়ক হবে, যা দীর্ঘমেয়াদে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ভিটামিন এ প্লাস ক্যাপসুল ক্যাম্পেইন



শৈশবকালীন অন্ধত্ব প্রতিরোধ এবং শিশুমৃত্যুর হার কমাতে ১৫ মার্চ (শনিবার) "ভিটামিন এ প্লাস" ক্যাপসুল ক্যাম্পেইন এর আওতায় ৬ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানোর কর্মসূচি পালিত হয়। সরকার ঘোষিত এই উদ্যোগের অংশীদার হিসেবে শক্তি ফাউন্ডেশনের যাত্রাবাড়ী শক্তি মেডিকেল কেয়ার সেন্টার (এসএমসিসি) এর মাধ্যমে দু' জায়গায় ৬৯০ জন বিভিন্ন বয়সী শিশুকে এই ক্যাপসুল খাওয়ানো হয়।

মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে ইফতার বিতরণ

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ঢাকার মুগদায় তৃতীয় লিঙ্গ জনগোষ্ঠী, যৌনকর্মী ও সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে ইফতার পৌঁছে দেওয়ার মতো গুরুত্বপূর্ণ কাজটি করেছে শক্তি ফাউন্ডেশন। ঢাকার মুগদা এলাকার মাতায় কথা কলা কেন্দ্রে প্রায় ২০০ জন মানুষের মাঝে এই ইফতার বিতরণ করা হয়। উক্ত বিতরণ অনুষ্ঠানে উপস্থিত সকলের উচ্ছ্বাস ও কৃতজ্ঞতা এই প্রয়াসকে অর্থবহ করে তুলেছে।



৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন



এ বছর নারী দিবসের প্রতিপাদ্য ছিলো "অধিকার, সমতা, ক্ষমতায়ন নারী ও কন্যার উন্নয়ন"। প্রতি বছরের ন্যায় এই বছরও নেটওয়ার্ক সংস্থার সাথে একত্রিত হয়ে নারী দিবস উদযাপন করা হয়। ৭ মার্চ ঢাকার প্রেস ক্লাবে এবং ৮ মার্চ শহীদ মিনারে আয়োজিত অনুষ্ঠানে প্রধান কার্যালয়ের কর্মীরা অংশগ্রহণ করেন।

সমৃদ্ধি কর্মসূচির আওতায় ফ্রি স্বাস্থ্য ক্যাম্প আয়োজন



"শক্তি সমৃদ্ধি কর্মসূচির" আওতায় কুমিল্লা তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়নের সাধারণ ও দরিদ্র জনগণের মাঝে উন্নত স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে গত ১৭ মার্চ কাপাশকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে গাইনী ও মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প আয়োজন করা হয়। সম্পূর্ণ বিনামূল্যে ২৩১ জনকে ব্যবস্থাপত্রসহ ওষুধ প্রদান করা হয়।

একনজরে শক্তি (মার্চ ৩১, ২০২৫)

বিভাগ

৮

জোন

৪

এরিয়া

১১৯

জেলা

৫৭

রিজিয়ন

২৭

শাখা

৫৬৩

সদস্য সংখ্যা

৪,৮৫২৫৯

ঋণী সংখ্যা

৩৮৮,৫৬৬ জন



সঞ্চয় স্থিতি

১২১৩.৬০

কোটি টাকা



ঋণস্থিতি

২,৯৫৪.২০

কোটি টাকা



কর্মী সংখ্যা

৫২০০ জন



প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬



+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

www shakti.org.bd

f /SFDWbd

in /company/sfdwbd